# Gestcare®

Multiple Micronutrient Supplements

**Description: Gestcare®** (Multiple Micronutrient Supplements) is a nutritional supplements contribute to improve the nutritional status of women throughout the pregnancy.

**Mode of action: Gestcare®** is a nutritional supplements that have **Vitamin B1** which converts carbohydrates, fatty acids and amino acids into energy, promotes healthy nerves, improves mood and strengthens the heart.

**Vitamin B2** is form of two major coenzymes, flavin mononucleotide and flavin adenine dinucleotide. These coenzymes are involved in energy metabolism, cell respiration, antibody production, growth and development. **Vitamin B3** supplementation has the potentiality to prevent some miscarriages and birth defects. **Vitamin B6** forms RBCs, helps cells to make proteins, manufactures neurotransmitters e.g. serotonin and releases stored forms of energy, helps to prevent cardiovascular diseases and stroke, helps to lift depression, eases insomnia. **Vitamin B12** is essential for cell replication and important for RBC production, prevents anemia, helps to prevent depression, reduces nerve pain, numbness and tingling, and lowers the risk of heart diseases. **Vitamin D3** have got several biochemical functions. **Vitamin C** plays a part in mopping up intracellular oxidants (free radicals). **Zinc** is an essential trace element involved in many enzymes system. **Copper** is essential to the proper functioning of organs and metabolic processes. **Folic Acid** stimulates the production of red blood cells, white blood cells, and platelets in persons suffering from certain megaloblastic anemias. **Iodine** produce thyroid hormones in both the mother and the baby.

**Selenium** is an essential component of various enzymes and proteins, called selenoproteins that help to make DNA and protect against cell damage. **Vitamin A** is essential for vision, growth, cell division, reproduction and immunity. **Vitamin E** create and maintain red blood cells, healthy skin and strengthens natural immune system. **Iron** in pregnancy is essential for making hemoglobin.

**Pharmacokinetics:** Multiple Micronutrient Supplements (MMS) use during pregnancy based on United Nations International Multiple Micronutrient Antenatal Preparation (UNIMMAP) formulation following WHO specification. It contains 15 micronutrients including Iron and Folic Acid (IFA) at dosages that approximate the recommended dietary allowances for pregnancy. Micronutrients are only needed in very small quantities but are essential for normal physiological function, growth and development. Deficiencies of micronutrients such as vitamin A, iron, iodine and folate are particularly very common during pregnancy due to increased nutrient requirements of the mother and developing fetus. These deficiencies can negatively impact the health of the mother, her pregnancy, as well as the health of the newborn baby. Recent evidence shows that the provision of MMS for women starting early in pregnancy provides clear benefits for both women and their unborn and newborn infants, beyond IFA supplementation alone. MMS can improve birth outcomes significantly by reducing the risk of low birth weight (LBW) and preterm births.

**Composition: Gestcare® tablet:** Each film coated tablet contains Vitamin A as Retinyl Acetate 800 mcg RAE, Vitamin C as Ascorbic Acid 70 mg, Vitamin D as Cholecalciferol 5 mcg (200 IU), Vitamin E as Alpha Tocopheryl Succinate 10 mg, Vitamin B1 as Thiamine Mononitrate 1.4 mg, Vitamin B2 as Riboflavin 1.4 mg, Vitamin B3 as Niacinamide 18 mg NE, Vitamin B6 as Pyridoxine 1.9 mg, Folic Acid as 400 mcg, Vitamin B12 as Cyanocobalamin 2.6 mcg, Iron as Ferrous Fumarate 30 mg, Iodine as Potassium Iodide 150 mcg, Zinc as Zinc Gluconate 15 mg, Selenium 65 mcg, Copper 2 mg.

**Indication: Gestcare®** is indicated for use in improving the nutritional status of women throughout the pregnancy.

**Dosage & Administration:** Take only one tablet daily starting as soon as possible after conception and continue to use 180 tablets for 6 months throughout the pregnancy or as directed by the physician.

**Contraindication:** Individuals with known hypersensitivity to any of the ingredients.

**Side effects:** Daily intake of recommended dose has no risk of adverse health effects.

**Use in pregnancy & lactation:** Multiple Micronutrient Supplements is recommended to use only during pregnancy. *Use in children and adolescent:* It is not recommended for children and adolescents.

**Precaution:** Accidental overdose of iron containing products is a leading cause of fatal poisoning in children under 6 years. In case of accidental overdose, call a doctor or immediately visit the nearest hospital.

**Drug Interactions:** No drug interactions have been reported.

**Overdose:**Tolerable upper limit of ingredients are significantly above the levels of the UNIMMAP formulation, the highest level of nutrient intake that is likely to pose no risk of adverse health effects for almost all individuals in the general population.

**Storage:** Keep out of reach of children. Store in a dry place, below 25° C temperature and protected from light.

**Packing:**
**Gestcare®** tablet: Each box contains 10x3 tablet in Alu-Alu blister pack.

0968-01

Opsonin
Opsonin Pharma
Ideas for healthcare

*Manufactured by*
**Opsonin Pharma Limited**
Rupatali, Barishal, Bangladesh
® Registered Trade Mark.

# জেস্টকেয়ার®

## মাল্টিপল মাইক্রোনিউট্রিয়েন্ট সাপ্লিমেন্টস

**বিবরণ: জেস্টকেয়ার®** (মাল্টিপল মাইক্রোনিউট্রিয়েন্ট সাপ্লিমেন্টস) হল একটি পুষ্টির সম্পূরক যা গর্ভবতী মায়েদের পুষ্টির অবস্থা উন্নতিতে সহায়তা করে।

**কার্যপদ্ধতি: জেস্টকেয়ার®** হল একটি পুষ্টির সম্পূরক যাতে থাকে **ভিটামিন বি১** যা কার্বোহাইড্রেট, ফ্যাটি এসিড এবং অ্যামিনো এসিডকে শক্তিতে রূপান্তর করে, স্নায়ু ও মেজাজকে উন্নত করে এবং হৃদপিণ্ডকে শক্তিশালী করে।
**ভিটামিন বি২** হল দুটি প্রধান কোএনজাইম- ফ্ল্যাভিন মনোনিউক্লিওটাইড এবং ফ্ল্যাভিন অ্যাডেনিন ডাইনিউক্লিওটাইড এর রূপ। এই কোএনজাইমগুলি শক্তি বিপাক, কোষের শ্বসন, অ্যান্টিবডি উৎপাদন, বৃদ্ধি এবং বিকাশের সাথে জড়িত। **ভিটামিন বি৩** গর্ভপাত এবং জন্মগত ত্রুটি প্রতিরোধ করার ক্ষমতা রাখে। **ভিটামিন বি৬** রক্তে আরবিসি গঠন, কোষে প্রোটিন তৈরি, নিউরোট্রান্সমিটার যেমন সেরোটোনিন তৈরিতে সাহায্য করে এবং সঞ্চিত শক্তি সঞ্চালন করে, কার্ডিওভাসকুলার ডিজিস এবং স্ট্রোক প্রতিরোধে সাহায্য করে, বিষণ্নতা তুলতে, অনিদ্রা কমাতে সাহায্য করে। **ভিটামিন বি১২** কোষের প্রতিলিপির জন্য অপরিহার্য এবং আরবিসি উৎপাদনের জন্য গুরুত্বপূর্ণ, রক্তস্বল্পতা প্রতিরোধ করে, বিষণ্নতা প্রতিরোধ করে, স্নায়ুর ব্যথা, অসাড়তা, হুল ফুটানো কমায় এবং হৃদরোগের ঝুঁকি কমায়। **ভিটামিন ডি৩** বেশ কিছু জৈব রাসায়নিক ক্রিয়া সম্পন্ন করে। **ভিটামিন সি** অন্তঃকোষীয় অক্সিডেন্ট (ফ্রি রেডিকেল) হ্রাসে ভূমিকা পালন করে। **জিংক** অনেক এনজাইম সিস্টেমের সাথে জড়িত একটি অপরিহার্য ট্রেস উপাদান। অঙ্গ এবং বিপাকীয় প্রক্রিয়াগুলির সঠিক কার্যকারিতার জন্য **কপার** অপরিহার্য। **ফলিক অ্যাসিড** মেগালোব্লাস্টিক অ্যানিমিয়ায় আক্রান্তদের মধ্যে লোহিত রক্তকণিকা, শ্বেত রক্তকণিকা এবং প্লাটিলেট উৎপাদনে সাহায্য করে। **আয়োডিন** মা এবং শিশু উভয়ের মধ্যে থাইরয়েড হরমোন তৈরি করে।
**সেলেনিয়াম** হলো বিভিন্ন এনজাইম এবং প্রোটিনের (সেলেনোপ্রোটিন) একটি অপরিহার্য উপাদান, যা ডিএনএ তৈরিতে এবং কোষের ক্ষতি এবং সংক্রমণ থেকে রক্ষা করতে সাহায্য করে। **ভিটামিন এ** দৃষ্টি, বৃদ্ধি, কোষ বিভাজন, প্রজনন এবং রোগ প্রতিরোধ ক্ষমতার জন্য অপরিহার্য। **ভিটামিন ই** লাল রক্ত কণিকা, স্বাস্থ্যকর ত্বক তৈরি ও বজায় রাখে এবং রোগ প্রতিরোধ ক্ষমতা শক্তিশালী করে। গর্ভাবস্থায় **আয়রন** হিমোগ্লোবিন তৈরির জন্য অপরিহার্য।

**ফার্মাকোকাইনেটিক্স:** ইউনাইটেড নেশনস ইন্টারন্যাশনাল মাল্টিপল মাইক্রোনিউট্রিয়েন্ট এন্টিনেটাল প্রিপারেশন (ইউনিম্যাপ) ফর্মুলেশনের উপর ভিত্তি করে বিশ্ব স্বাস্থ্য সংস্থা স্পেসিফিকেশন অনুসরণ করে গর্ভাবস্থায় এই মাইক্রোনিউট্রিয়েন্ট সাপ্লিমেন্টস ব্যবহার করা হয়। এতে আয়রন এবং ফলিক অ্যাসিডসহ গর্ভাবস্থার জন্য প্রস্তাবিত ১৫টি মাইক্রোনিউট্রিয়েন্ট রয়েছে। মাইক্রোনিউট্রিয়েন্টগুলি খুব কম পরিমাণে প্রয়োজন হলেও স্বাভাবিক শারীরিক কার্যকারিতা, বৃদ্ধি এবং বিকাশের জন্য অপরিহার্য। গর্ভাবস্থায় মায়ের এবং বিকাশমান ভ্রুণের পুষ্টির চাহিদা বৃদ্ধির কারণে ভিটামিন এ, আয়রন, আয়োডিন এবং ফলেটের মতো মাইক্রোনিউট্রিয়েন্টের চাহিদা ও বৃদ্ধি পায়। এই অভাবগুলি মায়ের স্বাস্থ্য, গর্ভস্থ শিশু এবং নবজাতকের স্বাস্থ্যের উপর নেতিবাচক প্রভাব ফেলতে পারে। সাম্প্রতিক এটি প্রমাণিত যে গর্ভাবস্থার প্রথম দিকে মহিলাদের এমএমএস দিলে মা এবং অনাগত নবজাতক সুস্থ দেহ নিশ্চিত করে যা আয়রন ও ফলিক এসিড একা পারে না। এমএমএস কম ওজন এবং অকাল জন্মের ঝুঁকি হ্রাস করে ।

**উপাদান: জেস্টকেয়ার® ট্যাবলেট:** প্রতিটি ফিল্ম কোটেড ট্যাবলেটে রয়েছে ভিটামিন এ (রেটিনাইল এসিটেট) ৮০০ মাইক্রোগ্রাম আরএই, ভিটামিন সি (অ্যাসকরবিক এসিড) ৭০ মিগ্রা, ভিটামিন ডি (কোলেকেলসিফেরল) ৫ মাইক্রোগ্রাম (২০০ আইইউ এর সমতুল্য), ভিটামিন ই (আলফা টুকোফেরল) ১০ মিগ্রা, ভিটামিন বি১ (থিয়ামিন মনোনাইট্রেট) ১.৪ মিগ্রা, ভিটামিন বি২ (রিবোফ্লাভিন) ১.৪ মিগ্রা, ভিটামিন বি৩ (নিয়াসিনামাইড) ১৮ মিগ্রা এনই, ভিটামিন বি৬ (পাইরিডক্সিন) ১.৯ মিগ্রা, ফলিক অ্যাসিড ৪০০ মাইক্রোগ্রাম, ভিটামিন বি১২ (সায়ানোকোবালামিন) ২.৬ মাইক্রোগ্রাম, আয়রন (ফেরাস ফিউমারেট) ৩০ মিগ্রা, আয়োডিন (পটাশিয়াম আয়োডাইড) ১৫০ মাইক্রোগ্রাম, জিংক (গ্লুকোনেট) ১৫ মিগ্রা, সেলেনিয়াম ৬৫ মাইক্রোগ্রাম, কপার ২ মিগ্রা।

**নির্দেশনা: জেস্টকেয়ার®** গর্ভাবস্থায় মহিলাদের পুষ্টির অবস্থার উন্নতির জন্য নির্দেশিত।

**মাত্রা ও প্রয়োগ:** গর্ভাবস্থা নিশ্চিত হবার সাথে সাথেই প্রতিদিন ১টি করে মোট ১৮০টি ট্যাবলেট ৬ মাস পর্যন্ত অথবা চিকিৎসকের পরামর্শ অনুযায়ী সেব্য।

**বিরুদ্ধ ব্যবহার:** যাদের এসএমএস কোনো উপাদানের প্রতি অতি সংবেদনশীলতা রয়েছে তাদের এটি সেবন করা উচিৎ নয়।

**পার্শ্বপ্রতিক্রিয়া:** নির্দেশিত মাত্রায় সেবনে কোন পার্শ্বপ্রতিক্রিয়া নেই।

**গর্ভাবস্থা এবং স্তন্যদানকালে ব্যবহার:** এসএমএস শুধুমাত্র গর্ভাবস্থায় সেবনীয়। *শিশুদের ক্ষেত্রে ব্যবহার:* এটি শিশু এবং কিশোরীদের জন্য সেবনযোগ্য নয়।

**সতর্কতা:** মাত্রাতিরিক্ত আয়রন সেবন ৬ বছরের কম বয়সী শিশুদের মারাত্মক বিষক্রিয়া সৃষ্টি করতে পারে। অনিচ্ছকৃত অতিরিক্ত মাত্রায় আয়রন সেবন করলে ডাক্তারের সাথে যোগাযোগ করুন অথবা অনতিবিলম্বে নিকটস্থ হাসপাতালে যান।

**অন্য ওষুধের সাথে প্রতিক্রিয়া:** অন্য কোনো ওষুধের প্রতিক্রিয়া এখন পর্যন্ত পরিলক্ষিত হয়নি।

**মাত্রাধিক্য:** পুষ্টি উপাদানের সর্বোচ্চ সহনীয় মাত্রা ইউনিম্যাপ ফর্মুলেশনের তুলনায় উল্লেখযোগ্যভাবে বেশি, সুতরাং উচ্চমাত্রায় পুষ্টি গ্রহণের ফলে সাধারণ মানুষের ক্ষেত্রে তেমন কোন বিরূপ প্রতিক্রিয়া পরিলক্ষিত হয়নি।

**সংরক্ষণ:** শিশুদের নাগালের বাইরে রাখুন। আলো থেকে দূরে, ২৫° তাপমাত্রার নিচে এবং শুষ্ক স্থানে রাখুন।

**উপস্থাপনা: জেস্টকেয়ার® ট্যাবলেট:** প্রতিটি কার্টনে এ্যালু-এ্যালু ব্লিস্টার প্যাকে রয়েছে ১০×৩ ট্যাবলেট।

Opsonin Pharma
Ideas for healthcare

*Manufactured by*
**Opsonin Pharma Limited**
Rupatali, Barishal, Bangladesh
® Registered Trade Mark.